

রবীন্দ্র লাইব্রেরি উদ্বোধন

স্টাফ রিপোর্টার ৷ 'আনুষ্ঠানিকতার তোড়জোড় থাকলেও প্রকৃতপক্ষে বাংলাদেশে রবীন্দ্রনাথ আজও উপেক্ষিত। রবীন্দ্রনাথ বন্দী হয়ে রয়েছেন সাদা কলারধারী নাগরিকবৃত্তে। তাঁর এমন অনেক গান রয়েছে যা দিয়ে তাঁকে সাধারণ মানুষের কাছে নিয়ে যাওয়া সম্ভব'-রাজধানীর

নিউ
ইস্কাটনের
২০/বি
গাউস
নগরে রবীন্দ্র
লাইব্রেরি
উদ্বোধনের
সময়
কথাগুলো
বলে
ভাষাসংগ্রামী
আহমদ
রফিক।
রবীন্দ্র
ভাবাদর্শে
উজ্জীবিত
সংগঠন
খামখেয়ালী
সভার
২২তম
আসরে
গুরুবার
সন্ধ্যায়
তিনি প্রধান
আলোচক



নিউ ইস্কাটনে রবীন্দ্র লাইব্রেরি উদ্বোধন করেন ভাষাসংগ্রামী আহমদ রফিক

হিসেবে উপস্থিত থেকে লাইব্রেরি উদ্বোধন করেন। অনুষ্ঠানে 'বাংলাদেশে রবীন্দ্র চর্চার গতিধারা' বিষয়ে প্রবন্ধ উপস্থাপন করেন সংগঠনটির আহ্বায়ক মাহমুদ হাশিম। রবীন্দ্রনাথকে গণমানুষের কাছে নিয়ে যাওয়ার আহ্বান জানান আহমদ রফিক। পাশাপাশি রবীন্দ্রসাহিত্য পাঠ এবং সমাজ-সংস্কৃতি-রাজনীতি বিষয়ক রবীন্দ্রচিন্তা ও কর্মকাণ্ড নিয়ে চর্চা বাড়ানোর ওপর জোর দেন এই রবীন্দ্র গবেষক। সভায় জানানো হয়, রবীন্দ্র লাইব্রেরি খামখেয়ালী সভার সভ্যদের পাশাপাশি দেশ-বিদেশের যে কোন গবেষক ব্যবহার করতে পারবেন। ভবিষ্যতে লাইব্রেরিটি সর্বসাধারণের জন্য উন্মুক্ত করে দেওয়া হবে। খামখেয়ালী সভার গবেষণা বৃত্তি 'ভাষাসংগ্রামী আহমদ রফিক গবেষণা বৃত্তি' হিসেবে নামকরণের ঘোষণা দেন আয়োজকরা। অনুষ্ঠানে রবীন্দ্রসঙ্গীত পরিবেশন করেন শিল্পী মকবুল হোসেন। পণ্ডিত রামকানাই দাশের গান গেয়ে শোনান শিল্পী কাবেরী দাশ ও পিনু সেন দাশ।